# Unveiling of The Logo, Theme and Website of India's G20 Presidency

November 08, 2022

# ভারতের জি20 সভাপতিত্বের লোগো, থিম ও ওয়েবসাইটের উদ্বোধন

নভেম্বর 08, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভারতের জি20 সভাপতিত্বের লোগো, থিম এবং ওয়েবসাইটের উদ্বোধন করেছেন।

ভার্চুয়াল মোডে প্রধানমন্ত্রীর উদ্বোধন করা লোগো, থিম এবং ওয়েবসাইটগুলি নিম্নরূপঃ

**লোগো ও থিমের ব্যাখ্যা**

ভারতের জাতীয় পতাকার তিনটি প্রাণবন্ত রঙ- গেরুয়া, সাদা ও নীল রঙ্গ থেকে জি20 লোগোটি অনুপ্রাণিত হয়েছে। ভারতের জাতীয় পুস্প পদ্ম সহ ধরিত্রী, যা প্রতিবন্ধকতার মধ্যে দিয়ে বৃদ্ধির প্রতিফলন। প্রকৃতির সাথে নিখুত সামঞ্জস্যপূর্ণ ভাবে ভারতের গ্রহ-মুখি দৃষ্টিভঙ্গিকে ধরিত্রী প্রতিফলিত করে। জি20 লোগোর নীচে দেবনাফরী অক্ষরে "ভারত"লেখা রয়েছে।

লোগো ডিজাইনের জন্য একটি অবাধ প্রতিযোগিতায় বিভিন্ন অংশগ্রহণ থেকে উপাদানগুলি নিয়ে লোগোটি তৈরি করা হয়েছে। প্রতিযোগিতাটি আহবান করেছিল মাই গভ. পোর্টাল যেখানে 2000-এরও বেশী উৎসাহী অংশগ্রহণ হয়েছিল। এটি জি20 তে ভারতের সভাপতিত্বকালে প্রধানমন্ত্রীর জন ভাগিদারী দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্য পূর্ণ।

ভারতের জি20 সভাপতিত্বের থিম বা মূলভাব হল "বসুধৈব কুটুম্বকম" বা "এক পৃথিবী এক পরিবার এক ভবিষ্যৎ"- যেটি প্রাচীন সংস্কৃত গ্রন্থ মহা উপনিষদ থেকে আহৃত। মূলতঃ থিমটি সমস্ত প্রানীকূলের মূল্যকে - মানবজাতি, প্রাণী, বৃক্ষ এবং অনুজীবী- এবং পৃথিবী ও বিস্তীর্ণ মহাকাশে তাদের আন্তঃসংযোগকে সুনিশ্চিত করে।

আরও পরিচ্ছন্ন, সবুজতর এবং নীলতর ভবিষ্যতের ফলপ্রদানের জন্য বৈশ্বিক রূপান্তরমূলক কর্মের প্রতি এগিয়ে নিয়ে যাবার জন্য ব্যক্তিগতর পাশাপাশি জাতীয় বিকাশ, উভয়ক্ষেত্রে পরিবেশগতভাবে স্থিতিশীল ও দায়িত্বশীল পছন্দগুলির সাথে সম্পর্কযুক্ত লাইফ( লাইফস্টাইল ফর এনভায়রনমেন্ট)-এর উপরে থিমটি আলোকপাত করে।

লোগো ও থিম দুটো একসাথে ভারতের জি20 সভাপতিত্বের একটি জোরদার বার্তাকে বহন করে। যখন আমরা একটা অস্থির সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি সেইসময় একটি স্থিতিশীল, সামগ্রিক , দায়িত্বশীল এবং ব্যাপক ভাবে বিশ্বের সকলের জন্য ন্যায্য এবং ন্যায়সঙ্গত বৃদ্ধির জন্য প্রয়াস। তারা চারপাশের বাস্তুতন্ত্রের সাথে তাল মিলিয়ে জীবনযাপনের জন্য আমাদের জি20 সভাপতিত্বের ভারতের অনন্য দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে।

ভারতের কাছে জি20 সভাপতিত্বটি "অমৃতকাল" –এর প্রারম্ভ হিসেবেও চিহ্নিত। 15ই অগাষ্ট 2022 ভারতের স্বাধীনতার 75 তম স্বাধীনতা থেকে শুরু হওয়া স্বাধীনতার শতবর্ষ উদযাপনের দিকে নিয়ে যাওয়া 25 বছর সময়কালের সূচনা, যা ভবিষ্যতমুখী, সমৃদ্ধশালী, ব্যাপক ও উন্নত সমাজের দিকে এগিয়ে নিয়ে যায় এবং যার অন্তস্থলে রয়েছে বিশিষ্ট একটি মানবকেন্দ্রিক দৃষ্টিভঙ্গি।

## জি20 ওয়েবসাইট

ভারতের জি20 সভাপতিত্বের ওয়েবসাইট www.g20.in টিও প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন। ওয়েবসাইটটি নির্বিঘ্নে 1লা ডিসেম্বর 2022 তারিখে, যেদিন ভারত জি20 সভাপতিত্ব গ্রহণ করবে, সেদিন জি20 সভাপতিত্বের ওয়েবসাইট www.g.20.org তে স্থানান্তরিত হবে। জি20 এবং লজিস্টিক ব্যবস্থা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য দেবার অতিরিক্ত ওয়েবসাইটটি জি20 –র উপরে তথ্যের ভান্ডার হিসেবে তৈরি করতে এবং পরিবেশন করতে ব্যবহার করা হবে। ওয়েবসাইটটিতে নাগরিকদের মতামত প্রেরণ করার জন্য একটি বিভাগও রয়েছে।

## জি20 অ্যাপ

ওয়েবসাইটের অতিরিক্ত অ্যান্ড্রয়েড ও আইওএস উভয় প্ল্যাটফর্মের জন্য একটি মোবাইল অ্যাপ "জি20 ইন্ডিয়া" ও প্রকাশ করা হয়েছে।

নিউ দিল্লি

নভেম্বর 08, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.